তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

সমকাল

# জিপিএর পাশাপাশি নম্বরও জানতে পারছেন শিক্ষার্থীরা

সমকাল প্রতিবেদক

এবারের এইচএসসি পরীক্ষায় জিপিএর পাশাপাশি মোট নম্বরও জানতে পারছেন শিক্ষার্থীরা। ঢাকা বোর্ডসহ কয়েকটি বোর্ডে গতকাল বৃহস্পতিবার থেকেই এ সুবিধা পাওয়া যাচ্ছে। যেসব বোর্ড গতকাল থেকে নম্বর প্রকাশ করতে পারেনি, তারা আগামী রোববার থেকে তাদের ওয়েবসাইটে নম্বর প্রকাশ করবে।

জিপিএ পদ্ধতিতে ফল প্রকাশের পর থেকে এবারই প্রথম মোট নম্বর জানার সুযোগ রেখেছে শিক্ষা বোর্ডগুলো। এর আগে শুধু আগ্রহী শিক্ষার্থীরাই তাদের মোট নম্বর জানতে পারত। আগামীতে এসএসসিতেও এ সুযোগ থাকবে।

এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান সমকালকে বলেন, যারা নম্বর জানতে চাইবে, তাদের নম্বর জানাতে হবে– এ বিষয়ে উচ্চ আদালতের রায় আছে। কিন্তু এবার এ সুযোগ সবার জন্য উন্মুক্ত করা হয়েছে। যে কেউই শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে বিষয়ভিত্তিক ও মোট নম্বর দুটোই জানতে পারবেন। এতে ফল নিয়ে কারও মনে সন্দেহ থাকলে সেটা দূর হবে।

এটা চালু করতে গিয়ে বেশ ধকল গেছে জানিয়ে অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, যখন ছাত্র ছিলাম, তখন মোট নম্বর জানার জন্য মুখিয়ে থাকতাম। আবার নিয়মটি চালু করায় সর্বমহলে বেশ সাড়া পড়েছে। এতে শিক্ষার্থীরা পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## জিপিএর পাশাপাশি

[তৃতীয় পৃষ্ঠার পর]

ফলাফলের তারতম্যটা ভালোভাবে বুঝতে পারবে বলে তিনি মনে করেন।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডেও গতকাল থেকে শিক্ষার্থীরা মোট নম্বর জানতে পারছে বলে জানিয়েছেন বোর্ড চেয়ারম্যান অধ্যাপক শাহেদা ইসলাম।

বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জিয়াউল হক সমকালকে বলেন, আগামী রোববার থেকে তারা মোট নম্বর ওয়েবসাইটে দিয়ে দেবেন। ঢাকা বোর্ডে আদালতের বাধ্যবাধকতা থাকায় তারা আগেই তা দিয়ে দিয়েছেন।